# জামায়াত-গণঅধিকার পরিষদের সংঘর্ষে এমপি আমির হামজা আহত




ছবি: সংগৃহীত

কুষ্টিয়ায় জামায়াতে ইসলামী ও গণঅধিকার পরিষদের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে কুষ্টিয়া সদর আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজাও রয়েছেন। আহতদের স্থানীয় ২৫০ শয্যার হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

শনিবার (১৫ আগস্ট) সন্ধ্যার দিকে শহরের ছয়রাস্তা মোড় এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, গণঅধিকার পরিষদের নেতাকর্মীরা দলটির নেতা নুরুল হক নূর ও রাশেদ খানের বিরুদ্ধে আমির হামজার কথিত বক্তব্যের প্রতিবাদে বিক্ষোভ কর্মসূচি পালন করছিলেন।

এ সময় আমির হামজা গাড়িতে করে ওই এলাকা দিয়ে যাওয়ার পথে তাকে বহনকারী গাড়িতে হামলার অভিযোগ ওঠে। পরে দুই পক্ষের মধ্যে ধাক্কাধাক্কি ও সংঘর্ষ শুরু হয়। এতে উভয় পক্ষের কয়েকজন আহত হন।

LENS ASIA

আমির হামজার অভিযোগ, ইসলামী বিশ্ববিদ্যালয় এলাকা থেকে ফেরার পথে গণঅধিকার পরিষদের কয়েকজন নেতাকর্মী লাঠি ও ইটপাটকেল নিয়ে তার গাড়িতে হামলা চালান। এতে তিনি ও জামায়াতের আরও কয়েকজন কর্মী আহত হয়েছেন।

তবে গণঅধিকার পরিষদের সাংগঠনিক সম্পাদক তৌফির আহমেদের দাবি, তাদের শান্তিপূর্ণ বিক্ষোভে জামায়াতের নেতাকর্মীরাই প্রথমে হামলা করেন। এতে তিনি এবং দলের আরও দুই কর্মী আহত হয়েছেন। তাদের কার্যালয়েও ভাঙচুর করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি।

ঘটনার পর এলাকায় উত্তেজনা তৈরি হলে পরিস্থিতি নিয়ন্ত্রণে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার ফয়সাল মাহমুদ জানান, দুই পক্ষের মধ্যে উত্তেজনা তৈরি হলেও বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।